



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর- ১৭০৪

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৮/৪০৮৭

তারিখ : ২২ নভেম্বর ২০১৭

২০১৮ সালের বিএড/এমএড ভর্তি কার্যক্রমে ডেপুটেশন প্রাপ্ত শিক্ষকগণের জন্য ভর্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

২০১৮ সালের বিএড/এমএড ভর্তিকার্যক্রমে ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষকগণের মধ্যে যারা ১ম মেধাতালিকায় স্থান পাননি/স্থান পেয়েও ভর্তি হননি, তাঁদেরকে ডেপুটেশন প্রাপ্তির তথ্য ও অনলাইনে প্রাথমিক আবেদনসহ ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে লিখিত আবেদন জমা দিতে হবে এবং অনলাইনে রিজল্ট স্লিপের আবেদন করতে হবে।

উক্ত ভর্তিকার্যক্রমে ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষকগণের মধ্যে যারা ইত:পূর্বে অনলাইনে প্রাথমিক আবেদন করেননি, তাঁদেরকে ২৩/১১/২০১৭ তারিখ হতে ২৮/১১/২০১৭ তারিখের মধ্যে অনলাইনে প্রাথমিক আবেদন করে ডেপুটেশন প্রাপ্তির প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় কাগজপত্র ও অনলাইনে প্রাথমিক আবেদনসহ ২৯/১১/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে লিখিত আবেদন জমা দিতে হবে এবং অনলাইনে রিজল্ট স্লিপের আবেদন করতে হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions এ ২০১৮ সালের মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকা দৃষ্টব্য।

সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষকে এ সকল প্রার্থীদের ডেপুটেশন প্রাপ্তির তথ্য, প্রাথমিক আবেদন এবং শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য যাচাই করে নিম্নের ছক অনুযায়ী তালিকা প্রস্তুত করে ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর ০৫ ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে (হার্ড ও সফট কপি) জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ডেপুটেশন প্রাপ্ত শিক্ষকগণের তথ্য ছক

কলেজের নাম: -----

কলেজ কোড:-----

(ছকটি excel formate এ পূরণ করতে হবে)

কলেজ কোড	প্রার্থীর নাম	অনলাইন আবেদনের রোল নং	ডেপুটেশন প্রাপ্তির অফিস আদেশ এর স্মারক নং ও তারিখ	অফিস আদেশে প্রার্থীর ক্রমিক

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোন : ৯২৯১০৭৪

ই-মেইল: pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৮/৪০৮৭

তারিখ : ২২ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- ৩। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো- ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

(মন্সুজান বেগম)

উপ- রেজিস্ট্রার (প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৭০